ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৬৭ ● কলকাতা ● ২৫ ফাল্গুন, ১৪৩১ ● সোমবার ● ১০ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## দিঘায় চালু হয়ে গেল পুলিশ ক্যাম্প, জগন্নাথ মন্দির উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী, তুঙ্গে প্রস্তুতি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আগামী ৩০ এপ্রিল জগন্নাথ মন্দিরের উদ্বোধন হবে এই সৈকতনগরীতে। তাই এখন থেকেই দিঘায় সাজ সাজ রব শুরু হয়েছে। যা পুরীতে আছে এবার তাই মিলবে দিঘায়। সমুদ্রসৈকতের সঙ্গে জগন্নাথ মন্দির এবার মিলবে দিঘায়।এবার মুখ্যমন্ত্রী কথা অনুযায়ী, ৩০ এপ্রিল উদ্বোধন হবে জগন্নাথ মন্দির। ২৯ এপ্রিল

এরপর ৩ পৃষ্ঠায়


# বুদ্ধদেব ভট্টাচার্যের গলা টিপতে গিয়েছিলাম, কারণ মমতাদি...'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

একসময় তৃণমূলের অত্যন্ত দাপুটে একজন নেত্রী ছিলেন সোনালী গুহ । যদিও এখন রাজ্যের সক্রিয় রাজনীতিতে সেভাবে আর দেখা যায় না তাঁকে। একসময় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের 'ছায়াসঙ্গী' বলেও পরিচিত ছিলেন তিনি। সেসব এখন অতীত।তারপর সোনালীর আরও সংযোজন, 'বুদ্ধবাবু ওঁর সেক্রেটারি ভাস্কর লায়েককেকে প্রশ্ন করেন, সোনালীরা কী বলছেন ওদের নেত্রী নানুরে ঢুকতে পারছেন না?' একইসাথে সোনালী এদিন আরও দাবি করলেন, 'বুদ্ধবাবু আমায় সম্মান দিতেন। আমার কথা শোনার পর উনি বললেন, দাঁড়ান সোনালী। আপনার নেত্রীকে বলুন ১০ মিনিটের মধ্যে বোমাবাজি বন্ধ হবে।'বর্তমানে তিনি নাম লিখিয়েছেন বিজেপিতে। কথা হচ্ছে, প্রাক্তন ডেপুটি স্পিকার তথা বর্তমান বিজেপি নেত্রী সোনালী গুহকে নিয়ে। সম্প্রতি এক জনপ্রিয় সংবাদমাধ্যমে

এরপর ৩ পাতায়






# লক্ষ, লক্ষ টাকার ঋণ! আড্ডায় মদ্যপানের পর হেমতাবাদের যুবককে জীবন্ত পুড়িয়ে খুন?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

জীবন্ত পুড়িয়ে খুন? না কি মারধরের জেরে মৃত্যুর পর প্রমাণ লোপাটে দেহ পুড়িয়ে দেওয়ার ছক? উত্তর দিনাজপুরের হেমতাবাদে তৃণমূল নেত্রীর ভাইপো পাপাই ক্ষেত্রীর মৃত্যুতে ক্রমশ বাড়ছে ধোঁয়াশা। জানা গিয়েছে, পাপাই ২ লক্ষ টাকা ঋণ নিয়েছিলেন। সেই আক্রোশ থেকে তাঁকে খুন করা হয়েছে বলেই অনুমান।পুলিশ সূত্রে জানা গিয়েছে, বন্ধুরা স্থানীয় ঘুলঘুলি মোড়ের আড্ডায় আকণ্ঠ মদ্যপান করেছিলেন। মদ্যপ ছিলেন পাপাইও। তারপরই ঝামেলা। পরে খুন! তবে কী করে খুন তা এখনও জানা যায়নি। পুলিশ সূত্রে জানা গিয়েছে, এই ঘটনায় স্থানীয় এক তৃণমূলের পঞ্চায়েত সদস্যের স্বামী পুলিশের স্ক্যানারে রয়েছে। রাতেই তাঁকে গ্রেপ্তার করা হতে পারে বলে খবর।এই ঘটনায় স্থানীয় এক তৃণমূল নেত্রীর স্বামী পুলিশের স্ক্যানারে রয়েছেন পুলিশ সূত্রে খবর। তবে ঘটনায় এখনও কাউকে গ্রেপ্তার করা হয়নি।

শনিবার সকালে উত্তর দিনাজপুরের হেমতাবাদ এলাকায় এক খড়ের গাদা থেকে পাপাইয়ের অগ্নিদগ্ধ দেহ উদ্ধার করা হয়। প্রাতঃভ্রমণে বেরিয়ে স্থানীয়রা দেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেন। দেহটির এতটাই বাজে অবস্থায় ছিল চিহ্নিত করা যাচ্ছিল না। পাপাইয়ের স্ত্রী অঙ্কিতা দেব ক্ষেত্রী থানায় এসে দেহ চিহ্নিত করেন। রাতে তিনি লিখিত অভিযোগ দায়ের করেছেন। এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে অভিযুক্তদের সন্ধান পাওয়ার চেষ্টা করছেন তদন্তকারীরা।

# ব্রাত্যর গ্রেপ্তারির দাবিতে যাদবপুরে মিছিল শুভেন্দুর, পালটা খোঁচা কুণালের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

যাদবপুর কাণ্ডে পথে নামলেন শুভেন্দু অধিকারী। এদিন দক্ষিণ কলকাতার রাস্তায় বিজেপি নেতা-কর্মীদের সঙ্গে নিয়ে মিছিল করলেন রাজ্যের বিরোধী দলনেতা। রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু ও তৃণমূল নেতা-অধ্যাপক ওমপ্রকাশ মিশ্রের গ্রেপ্তারির দাবি তুলেছেন তিনি। বাম-তৃণমূলের যোগসাজসের অভিযোগ উঠেছে মিছিল থেকে।এদিকে মিছিল সম্পর্কে পালটা খোঁচা দিয়েছেন কুণাল ঘোষ। তিনি বলেন, “বাসে করে নন্দীগ্রাম থেকে কলকাতায় মিছিলের জন্য লোক আনা হয়েছে। একাধিক অশুভশক্তি ফায়দা লুটতে নেমেছে। মানুষের কাছে বিষয়টি ক্রমশ ধরা পড়ে

এরপর ৪ পাতায়

# ১০০ বছর পর আমূল বদলে যাচ্ছে রাজ্যের মানচিত্র! বিরাট উদ্যোগ পশ্চিমবঙ্গ সরকারের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

১০০ বছর পর পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের মৌজা ম্যাপ বা মানচিত্র তৈরির প্রক্রিয়া শুরু করছে। যার মূল লক্ষ্য ভূমি রেকর্ড আপডেট করা। উল্লেখ্য, শতবর্ষ অতিক্রান্ত হলেও রাজ্যে থাকা জমিভিত্তিক মৌজার মানচিত্রের সংস্কার হয়নি। এবারে ২০২৫ সালে এসে বাংলায় নতুন করে মানচিত্র তৈরি করতে উদ্যোগী রাজ্য সরকার।আধুনিক প্রযুক্তি ব্যবহার করে মৌজা ম্যাপ গড়ে উঠলেও প্রত্যেকটি মৌজা ফিজিক্যাল ভেরিফিকেশনও করা হবে বলে জানা গিয়েছে। নতুন করে মৌজা ম্যাপ গড়ে উঠলে গোটা রাজ্যের ভূমি-মানচিত্র বিরাট বদলে যাবে বলেই মত বিশেষজ্ঞদের। জানা গিয়েছে, রাজ্যজুড়ে মোট তিন ধাপে এই সমীক্ষা করা হবে।জানা যাচ্ছে, নতুন মৌজার মানচিত্র প্রস্তত করতে রাজ্য সরকার আধুনিক প্রযুক্তি ব্যবহার করবে। সঠিক তথ্য সংগ্রহের জন্য



স্যাটেলাইট ছবি, জিও-ট্যাগিং ক্যামেরা এবং ড্রোনের সাহায্যে গোটা প্রক্রিয়া সম্পন্ন হবে। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর প্রতিটি মৌজার জন্য তথ্য পর্যালোচনা করে মানচিত্র চূড়ান্ত করবে।

বিগত ১০০ বছরে মাঝে কিছু সংশোধন করা হলেও তারপর মাঝের বহু বছরে সম্পূর্ণ বদলে গিয়েছে চিত্র। আগের অনেক গ্রামই এখন আধুনিক শহর। জায়গায় জায়গায় গড়ে উঠেছে শিল্প কারখানা। রাস্তাঘাট, এক্সপ্রেসওয়ে এবং রেললাইন সব মিলিয়ে আমূল বদলে গিয়েছে গোটা চিত্র। তাই এই অবস্থায় মৌজা ম্যাপ বিশেষ গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

সূত্রের খবর, এই মুহূর্তে পশ্চিমবঙ্গে মোট ৪২,৩০২টি মৌজা রয়েছে। প্রস্তত করা হবে মোট ৬৮,৪৫৩টি মৌজার মানচিত্র। জল-ভিত্তিক দ্বীপপুঞ্জ সহ মৌজার জন্য পৃথক মানচিত্র অন্তর্ভুক্ত রয়েছে। নবান্ন সূত্রে খবর, রাজ্য সরকারের হয়ে 'ডিরেক্টরেট অফ ল্যান্ড রেকর্ডস অ্যান্ড সার্ভে' বিভাগ এই কাজের দায়িত্বে রয়েছে।

প্রথম পর্যায়: হাওড়া, হুগলি, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং পূর্ব বর্ধমানের মতো জেলা অন্তর্ভুক্ত।

দ্বিতীয় পর্যায়: উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম এবং নদিয়া অন্তর্ভুক্ত।

তৃতীয় পর্যায়: কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, দুই দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ, কালিম্পং এবং দার্জিলিং এই সব জেলাগুলি অন্তর্ভুক্ত।







(১ম পাতার পর)

# দিঘায় চালু হয়ে গেল পুলিশ ক্যাম্প, জগন্নাথ মন্দির উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী, তুঙ্গে প্রস্তুতি

প্রাণপ্রতিষ্ঠা হবে। ২৮ এপ্রিল থেকে দিঘা শহরে কোনও গাড়ি চলাচল করতে পারবে না। নবান্ন থেকেই এই কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী। তিন কিলোমিটার আগে গাড়ি রেখে দিতে হবে। এখন এখানে রাস্তা সংস্কারের কাজ করছে দিঘা-শঙ্করপুর উন্নয়ন পর্ষদ। দিঘা-শঙ্করপুর উন্নয়ন পর্ষদের সিইও অপূর্বকুমার বিশ্বাসের বক্তব্য, 'হিডকো মন্দির নির্মাণ করছে। আমরা রাস্তাঘাট সাজিয়ে তোলার কাজ করছি। জগন্নাথ মন্দির উদ্বোধনের সময় কাঁথি থেকে দিঘা পর্যন্ত ট্রাফিক ব্যবস্থা মসৃণ করছে পুলিশ। ইতিমধ্যেই বেআইনি পার্কিং বন্ধ করতে অভিযান চালাচ্ছে পুলিশ।'

আর জগন্নাথ মন্দির উদ্বোধন হয়ে গেলে এখানে পর্যটকদের ভিড় আরও বাড়বে। তাই অতিরিক্ত ভিড় সামাল দেওয়া থেকে শুরু করে নিরাপত্তা এবং নজরদারির উপর বিশেষ জোর দিতে হবে। এই কাজ এখন থেকেই শুরু করল জেলা পুলিশ। তাই নির্মীয়মাণ জগন্নাথ মন্দিরের পাশে জেলা পরিষদের গেস্টহাউসে পুলিশ ক্যাম্প চালু করা হয়েছে।

এই পুলিশ ক্যাম্পে এখন দু'জন এএসআই এবং ১১ জন কনস্টেবলকে নিযুক্ত করা হয়েছে। দিঘা থানা থাকলেও এই ক্যাম্পের বিশেষ প্রয়োজন ছিল নিরাপত্তার স্বার্থে। জগন্নাথ মন্দিরের ভিতরে এবং সংলগ্ন এলাকায় নিরাপত্তার দায়িত্ব পালন করছেন ওই পুলিশ কর্মীরা। ২০২৪ সালের ডিসেম্বর মাসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জগন্নাথ মন্দির নির্মাণের কাজকর্ম দেখতে আসেন। তখনই ওই গেস্টহাউসে পুলিশ ক্যাম্প চালু করার কথা বলে যান মুখ্যমন্ত্রী। কারণ ভিড় নিয়ন্ত্রণ থেকে শুরু করে নজরদারি এবং নিরাপত্তা-সহ পুণ্যার্থীদের যাতে কোনও অসুবিধা নাহয় সে কথা ভেবেই পুলিশ ক্যাম্প তৈরি করতে বলেছিলেন মুখ্যমন্ত্রী।

অক্ষয় তৃতীয়ার দিনকে বেছে নেওয়া হয়েছে জগন্নাথ মন্দির উদ্বোধনে। তাই এখন ওই এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। এই বিষয়ে ডিএসপি (ডিঅ্যান্ডটি) আবু নুর হোসেন বলেন, 'মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী পুলিশ ক্যাম্প চালু করা হয়েছে। কদিন আগেই মন্দির এলাকার নিরাপত্তা খতিয়ে দেখেন ডিজি রাজীব কুমার। তাঁর নেতৃত্বে উচ্চপদস্থ পুলিশ অফিসাররা পুলিশ ক্যাম্প সম্পর্কে খোঁজখবর নেন। তবে গেস্টহাউস জেলা পুলিশকে হস্তান্তর করা হয়নি। জেলা পরিষদ ২০১৭ সালে এই গেস্টহাউস নির্মাণ করার কাজ শুরু করে। এখনও তা অসম্পূর্ণই আছে। এখন এখানে পুলিশ ক্যাম্প চালু হল। এখন প্রশাসনিক তৎপরতা শুরু হয়েছে। ট্রাফিক ব্যবস্থা গড়ে উঠছে।

(১ম পাতার পর)

# বুদ্ধদেব ভট্টাচার্যের গলা টিপতে গিয়েছিলাম, কারণ মমতাদি...'

দেওয়া সাক্ষাৎকারে তাঁর মুখে শোনা গেল রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রসঙ্গ। কথা প্রসঙ্গে এবার উঠে এল রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের কথাও।

অতীতের নানান অজানা সিক্রেট ফাঁস করে দিয়ে সোনালী এদিন জানালেন একসময় তিনি নাকি বুদ্ধদেব ভট্টাচার্যের গলা টিপতে গিয়েছিলেন। তাঁর কথায়, 'আমি বুদ্ধদেব ভট্টাচার্যের গলা টিপতে গিয়েছিলাম। কারণ নানুরে মমতা দিদিকে ঢুকতে দেওয়া হচ্ছিল না। সে সময় পঙ্কজ বন্দোপাধ্যায় ছিলেন বিরোধী দলনেতা।

অতীতে মুখ্যমন্ত্রীর সাথে এক কথোপকোথনের কথা জানিয়ে সোনালী বলেছেন, 'তারপরে উনি তাঁর ফোনে আমায় ধরলেন। আমি বললাম কি হয়েছে দিদি? তখন উনি বললেন সোনালি বুদ্ধ ভট্টাচার্যকে ছাড়বি না।' সোনালীর দাবি, ওই সময় নাকি নানুরে বোমাবাজি হচ্ছিল। তখন ঘটনাস্থলে মমতা বন্দ্যোপাধ্যায় ঢুকতে পারছিলেন না। সোনালী মুখ্যন্ত্রীর কাছে জানতে চান, তিনি একথা পঞ্জদাকে কেন বললেন না? জবাবে তাঁকে বলা হয়, 'পঙ্কজের সঙ্গে নাকি বুদ্ধবাবুর আঁতাত আছে।'

সোনালী এরপর আরও বললেন,'আমি খবর পাওয়ার পর বুদ্ধদেব ভট্টাচার্যকে বললাম, আপনার কমরেডরা বোমাবাজি করছেন। আমাদের নেত্রী ঢুকতে পারছেন না।' বুদ্ধবাবু তখন তাঁর সেক্রেটারি ভাস্কর লায়েককে বললেন ওরা কেন ঢুকতে পারছেন না।'

পরের দিন নাকি এই ঘটনা সংবাদমাধ্যমের পাতায় লিড হয়ে বেরিয়েছিল। আর তাতেও নাকি তিনি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের গাত্র জ্বালা দেখেছেন। সিপিএম নেতা শতরূপ ঘোষ এপ্রসঙ্গে বললেন, 'দলবদল হওয়ার পরই পর্দার পিছনের ঘটনা জানা যাচ্ছে। আর তারপরই জানতে পারছি নথিভুক্ত থাকছে, মমতা বন্দ্যোপাধ্যায় ও তাঁর নেতা নেত্রী কতটা নোংরা। আস্তাকুঁড়েতেও তাঁদের স্থান হবে না।'

# অমিতাভ মালিক খুনে ৮ বছর পর গ্রেপ্তার প্রাক্তন মোর্চা নেতা প্রকাশ গুরুং



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**দার্জিলিং:** এসআই অমিতাভ মালিক খুনের ঘটনায় এবার গ্রেপ্তার প্রাক্তন মোর্চা নেতা প্রকাশ গুরুং। বর্তমানে অজয় এডওয়ার্ডের দলের সদস্য প্রকাশকে রবিবার তোলা হয় আদালতে। বিচারক জামিনের আবেদন খারিজ করে দিয়েছেন বলে খবর।মধ্যমগ্রাম শহরের ৭ নম্বর ওয়ার্ডের শরৎকানন পাটুলি শিবতলায় অমিতাভ মালিকের বাড়ি। স্বামীর মৃতদেহ বাড়িতে ফেরার পর কান্নায় ভেঙে পড়ে গোটা পরিবার। পরে বিউটির হাতে তাঁর স্বামীর সাহসিকতার জন্য মরণোত্তর পুরস্কার তুলে দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দেয়াপাধ্যায়। স্বামীর চাকরিও পান বিউটি। এদিকে খুনের ঘটনার তদন্ত চলছিলই। সেই মামলায় আগেই প্রকাশ গুরুংয়ের বিরুদ্ধে আগেই গ্রেপ্তারি পরোয়ানা জারি হয়েছিল। এদিন তাঁকে গ্রেপ্তার করে আদালতে পেশ করা হয়।গত ২০১৭ সালের জুন মাসে রাজ্যে মন্ত্রিসভার বৈঠকের দিন পাহাড়ে তুমুল অশান্তি হয়।সেই ঘটনায় মোর্চা সুপ্রিমো বিমল গুরুংয়ের বিরুদ্ধে UAPA ধারায় মামলা রুজু করে রাজ্য সরকার। গ্রেপ্তারি এড়াতে পাহাড়ে, জঙ্গলে পালিয়ে বেড়ান মোর্চা সভাপতি। পলাতক গুরুংকে ধরতে উঠেপড়ে লাগে পুলিশ। ওই বছরই ১৩ অক্টোবর দার্জিলিংয়ের শিরুবাড়ির জঙ্গলে গুরুংয়ের সন্ধানে অভিযান চালায় পুলিশ। সেই সময় মোর্চা সমর্থকদের গুলিতে প্রাণ হারান দার্জিলিং সদর থানায় এসআই অমিতাভ মালিক। শুরু হয় তদন্ত। পরে ঘটনার তদন্তভার নেয় সিআইডি।

## সম্পাদকীয়

### মহিলা কারিগরদের ক্ষমতায়নের জন্য কাঁথা মেলার আয়োজন করেছে

নারী ক্ষমতায়ন এবং আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কয়লা মন্ত্রকের তত্ত্বাবধানে কোল ইন্ডিয়া লিমিটেড (সিআইএল) আজ নিউ টাউনের 'কোল ভবন'-এর অ্যাট্রিয়ামে পশ্চিমবঙ্গের ২০০-২৫০ জন মহিলা কারিগরের সূক্ষ্ম সূচিকর্ম প্রদর্শনের জন্য দিনব্যাপী কাঁথা মেলার আয়োজন করেছে। এই কারিগররা প্রত্যেকেই সিআইএল-এর সিএসআর-এর আওতায় নির্মিত কাঁথা দক্ষতা কেন্দ্রের সুবিধাভোগী। সিআইএল এবং এর সহযোগী প্রতিষ্ঠানগুলি তাদের নিজ নিজ অফিস এবং ক্ষেত্রে নারীদের সাফল্যকে স্বীকৃতি দেওয়ার জন্য নারীর ক্ষমতায়ন উদযাপন করেছে।

ঝাড়খণ্ডের রাঁচিতে অবস্থিত সেন্ট্রাল কোলফিল্ডস লিমিটেড একটি প্রধান কোম্পানি হিসেবে, একটি মেগা প্রোগ্রামের আয়োজন করেছিল যেখানে জনজাতীয় শিল্প, নারী পরিচালিত ব্যবসা এবং প্রযুক্তিগত দক্ষতা প্রদর্শন করা হয়েছিল। BCCL, CMPDIL, ECL, NCL SECL, MCL এবং WCL এর মতো অন্যান্য সহায়ক প্রতিষ্ঠানগুলিও নারীর ক্ষমতায়নের সাধারণ বিষয়ের উপর একটি প্রোগ্রাম পরিচালনা করেছিল।

কয়লা মন্ত্রকের অতিরিক্ত সচিব শ্রীমতী রুপিন্দর ব্রার এবং সিআইএল, সদর দপ্তরের পরিচালক (P&IR) ডঃ বিনয় রঞ্জন ভার্চুয়াল মোডে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

কয়লা মন্ত্রকের অতিরিক্ত সচিব শ্রীমতী রুপিন্দর ব্রার ভার্চুয়াল মোডে বক্তব্য রেখে বলেন যে এই নতুন উদ্যোগটি টেকসই জীবিকা বৃদ্ধির জন্য সিআইএলের প্রতিশ্রুতির একটি অংশ।শ্রীমতী ব্রার আরও বলেন, 'সিআইএল এবং এর সহযোগী প্রতিষ্ঠানগুলি দেশজুড়ে প্রভাবশালী কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ, যা জীবন এবং সম্প্রদায়কে ইতিবাচকভাবে রূপান্তরিত করে। আমরা সিএসআর প্রকল্পের আওতায় দক্ষতা উন্নয়ন, শিল্পোদ্যোগী গড়ে তোলা এবং অন্যান্য সামাজিক উদ্যোগের মাধ্যমে নারীর ক্ষমতায়ন নিশ্চিত করছি,' ।

সিআইএল-এর পরিচালক (পিএন্ডআইআর) ডঃ বিনয় রঞ্জন বলেন, 'নারী ক্ষমতায়নের মাধ্যমে তাঁদের মধ্যে আত্মনির্ভরশীলতা বৃদ্ধি করতে পেরে আমরা গর্বিত। সিআইএল এবং এর সহযোগী প্রতিষ্ঠানগুলি প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন এবং অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে নারীদের উন্নতির সুযোগ তৈরিতে প্রতিশ্রুতিবদ্ধ। এই ধরনের উদ্যোগের মাধ্যমে, সিআইএল তার সমৃদ্ধ শৈল্পিক উত্তরাধিকার সংরক্ষণের পাশাপাশি জাতির অগ্রগতিতে অর্থপূর্ণ অবদান রেখে চলেছে।'

শুরুতে, সিআইএল-এর পরিচালক (পিএন্ডআইআর) ডঃ বিনয় রঞ্জন, সিআইএল-এর পরিচালক (পিএন্ডআইআর) শ্রী মুকেশ আগরওয়াল, সিআইএল-এর প্রধান নজরদারি কর্মকর্তা শ্রী ব্রজেশ কুমার ত্রিপাঠী যৌথভাবে মহিলা কারিগরদের উপস্থিতিতে কাঁথা মেলার উদ্বোধন করেন। কোম্পানির পক্ষ থেকে তিনজন মহিলা কারিগরকে সম্মানিত করা হয়। কলকাতার সিআইএল সদর দপ্তরে অনুষ্ঠিত অনুষ্ঠানে শ্রী ওপি মিশ্র, নির্বাহী পরিচালক (সিডি), শ্রীমতী রেণু চতুর্বেদী, জিএম (সিএসআর), সিআইএল এবং অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

# মায়ের আশীর্বাদ অসীম



মৃত্যুঞ্জয় সরদার
(সতেরোতম পর্ব)



একটি সতীপীঠ গড়ে ওঠে। সতীর ঊর্ধ্ব নয়নতারা বা প্রজ্ঞানয়ন পড়েছিল তারাপীঠের সেই শ্বেতশিমুল গাছের নীচে। পুরাণের কাহিনী থেকে আরও জানা যায়, সতীহারা শিব দেবীকে কামনা করে এখানে এসে সাধনা করেন। তিন লক্ষ জপ করেছিলেন। তাঁর সাধনায় তুষ্ট হয়ে তারা বলেছিলেন, তিনি আবার উমারূপে তাঁর কাছে স্ত্রী রূপে যাবেন। আরও জানা যায়, মহামুনি বশিষ্ঠ বিষ্ণুর দ্বারা আদিষ্ট হয়ে এখানে এসে সাধনা করেছিলেন। সেই শ্বেতশিমুল, গাছের নীচে বসে তিনিও তিন লক্ষ তারা জপ করেছিলেন। তিনি সাধনলাভ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

## ব্রাত্যর গ্রেপ্তারির দাবিতে যাদবপুরে মিছিল শুভেন্দুর, পালটা খোঁচা কুণালের

যাচ্ছে।" তিনি আরও জানান, যাদবপুরে বাম ও অতি বামদের ন্যক্কারজনক রাজনীতি চলছে। তার সঙ্গে বিজেপির কুৎসিত রাজনীতি রয়েছে।এদিকে মিছিল নিয়ে কটাক্ষ করলেন তৃণমূল কংগ্রেসের অন্যতম সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। নন্দীগ্রাম থেকে লোক এনে কলকাতায় মিছিল করা হয়েছে। পালটা দিলেন কুণাল।

রবিবার বেলায় দক্ষিণ কলকাতার নবীনা সিনেমা হলের সামনে থেকে মিছিল হয় বিজেপির। কলকাতা হাইকোর্ট আগেই এই মিছিলের রাস্তা নির্দিষ্ট করে দিয়েছিল। নির্দেশ দেওয়া হয়েছিল যাদবপুর থানার আগে ওই মিছিল শেষ হবে। ৭৫০ জনের বেশি লোক মিছিলে অংশ নিতে পারবে না। তাও স্পষ্ট করে দেওয়া হয়। উত্তর ও দক্ষিণ কলকাতার বিজেপি নেতারা এদিন শুভেন্দু অধিকারীর সঙ্গে মিছিলে অংশ নিয়েছিলেন। বেলা সাড়ে ১২টা থেকে মিছিল শুরু হয়। প্রিন্স আনোয়ার শাহ রোড ধরে মিছিল যাদবপুর থানার আগেই শেষ হয়।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গত এক সপ্তাহ ধরে অচলাবস্তা চলছে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে হেনস্তা ও তাঁর গাড়িতে ছাত্র জখমের অভিযোগ পালটা অভিযোগে উত্তাল হয়েছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। ঘটনার জেরে রাজ্য রাজনীতিতেও শাসক-বিরোধী সুর চড়েছে। এদিন মিছিল থেকে শুভেন্দু অধিকারীও রাজ্যের শাসক দল তৃণমূলের বিরুদ্ধে সরব হয়েছেন। বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থার জন্য তৃণমূল ও বামেদের নিশানা করেছেন তিনি। মিছিল থেকে ব্রাত্য বসু ও ওমপ্রকাশ মিশ্রের গ্রেপ্তারির দাবি তোলা হয়েছে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কর্মই হচ্ছে মূল ধর্ম এ কথাটি মেনে চলা উচিত, কর্ম যদি খারাপ হয়েছে শনি তাকে ছেড়ে কথা বলে না। কর্মফল দাতা শনি দেব কে নিয়ে বহু বিতর্ক রয়েছে জ্যোতিষ বিজ্ঞান বলছে শনি একটি গ্রহ ,আর আমাদের সনাতন ধর্মের মানুষ শনিদেবকে সবার বড় ঠাকুর জানে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সার্ক সাংবাদিক ফোরামের নতুন কার্যনির্বাহী কমিটি ঘোষণা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নয়াদিল্লি, ৯ মার্চ ২০২৫-২৭ সালের জন্য আন্তর্জাতিক সাংবাদিক সংগঠন "সার্ক জার্নালিস্টস ফোরাম" (এসজেএফ)-এর কার্যনির্বাহী কমিটি আজ ঘোষণা করা হয়েছে।

এসজেএফ কর্তৃক জারি করা প্রেস বিজ্ঞপ্তি অনুসারে, নতুন নির্বাহী নিম্নরূপ। রাম নাথ বিদ্রোহী-আন্তর্জাতিক সভাপতি, ডঃ সমরেন্দ্র পাঠক-কার্যনির্বাহী সভাপতি, সুশীল ভারতী-ভারতীয় চ্যাপ্টারের সভাপতি, এম.এইচ. জাকারিয়া-সহ-সভাপতি, শ্যাম নাথ শ্যাম-প্রধান সাধারণ সম্পাদক, আনিস কুমার পিঙ্কু এবং আফরোজ কুরেশি-সাধারণ সম্পাদক, আনিস কুমার গুড্ডু, মুশতাক আহমেদ, মৃত্যুঞ্জয় সরদার এবং গোপাল শর্মা-সম্পাদক, বীরেন্দ্র কুমার-কোষাধ্যক্ষ, ফারুক শাহমিরি-মুখপাত্র, মুকেশ কুমার সিং, অবিনাশ কুমার সিং, আর.ডি. মীনা, সৈয়দ জাকি হায়দার, সুবীর সেন, অখিলেশ কুমার আখিল, কুমার সামত, সারিকা ঝা এবং সুলতান কুরেশি কার্যনির্বাহী সদস্য হিসেবে থাকবেন।



দক্ষিণ এশিয়ার, বিশেষ করে ভারতে সাংবাদিকদের স্বার্থ রক্ষার জন্য দেশের অনেক নামীদামী এবং জঙ্গি সাংবাদিক সংগঠনের সাথে একসাথে লড়াই করার সংকল্প পুনর্ব্যক্ত করেছে এসজেএফ।

এসজেএফ ভারতে সাংবাদিক সুরক্ষা আইন বাস্তবায়ন, জাতীয় ও প্রাদেশিক পর্যায়ে দীর্ঘ সেবার পর প্রথম শ্রেণীর কর্মচারীদের মতো ফ্রিল্যান্স এবং বিশেষ শ্রেণীর স্বীকৃত সাংবাদিকদের পেনশন এবং সমমানের কর্মকর্তাদের মতো স্বাস্থ্যসেবা সুবিধা, মাঝারি ও ছোট সংবাদপত্র এবং ডিজিটাল যোগাযোগ প্ল্যাটফর্মগুলিতে নিয়মিত সরকারি বিজ্ঞাপন এবং শহর ও গ্রামাঞ্চলে কর্মরত সাংবাদিকদের পর্যাপ্ত নিরাপত্তার দাবিতে দেশব্যাপী আন্দোলন শুরু করার সংকল্প পুনর্ব্যক্ত করেছে।

সংগঠনের আন্তর্জাতিক সভাপতি রাম নাথ বিদ্রোহী বলেছেন যে শীঘ্রই ভারতের প্রধান বিচারপতির কাছে দেশের বিভিন্ন শ্রম আদালতে সাংবাদিক এবং অ-সাংবাদিকদের মামলা দ্রুত গতিতে নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হবে, যাতে সংবাদপত্র মালিকদের সাথে যোগসাজশে বছরের পর বছর ধরে আদালতে ঘোরাফেরা করা সাংবাদিকরা স্বস্তি পেতে পারেন।

# মদ্যপ অবস্থায় ধুলোয় লুটোপুটি পুলিশ কর্মীর, শোরগোল কলকাতা মেডিকেল কলেজে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কলকাতা মেডিকেল কলেজের জরুরি বিভাগ চিরাচরিত ব্যস্ততাতেই মগ্ন ছিল শনিবার রাতেও। রোগীর পরিজনদের ছোটাছুটি, হাসপাতালের নিয়মিত ভিড়—সবই ছিল আগের মতো। তবে সেদিনের রাতটা অন্য কারণে স্মরণীয় হয়ে রইল।এই ঘটনার পর থেকেই হাসপাতাল চত্বরে ব্যাপক শোরগোল পড়ে যায়। রোগীর পরিজনরা প্রশ্ন তুলছেন, যেখানে পুলিশের কাজ নিরাপত্তা দেওয়া, সেখানে যদি কর্তব্যরত পুলিশ কর্মীই মদ্যপ অবস্থায় থাকেন, তবে সাধারণ মানুষ কাদের ভরসা করবে?

এ নিয়ে কর্তৃপক্ষের তরফে কোনো মন্তব্য পাওয়া যায়নি। তবে এই ঘটনার পর হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থার উপর নতুন করে প্রশ্ন উঠে গেল।হঠাৎ হাসপাতালের জরুরি বিভাগের সামনে এক পুলিশ কর্মীকে মাটিতে লুটোপুটি খেতে দেখা যায়। প্রথমে সকলে ভেবেছিলেন হয়তো তিনি হঠাৎ অসুস্থ হয়ে পড়েছেন। পরে জানা যায়, ওই পুলিশ কর্মী মদ্যপ অবস্থায় ছিলেন।

পুলিশ কর্মীর নাম অরুণ কুমার দাস। অভিযোগ, কর্তব্যরত অবস্থায় অতিরিক্ত মদ্যপানের কারণে ভারসাম্য হারিয়ে মাটিতে পড়ে যান তিনি। ঘটনাটি প্রথম দেখতে পান রোগীর পরিজনরা। তাঁরা কাছে যেতেই পরিষ্কার হয়ে যায় আসল ঘটনা। এরপর হাসপাতালের অন্যান্য পুলিশ কর্মীরা তাঁকে উদ্ধার করে ভিতরে নিয়ে যান।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# ট্রাম্পের উপর হামলার ষড়যন্ত্র! হোয়াইট হাউসের সামনে সিক্রেট এজেন্টের গুলিতে জখম সশস্ত্র দুষ্কৃতী

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



হোয়াইট হাউসে মার্কিন প্রেসিডেন্টের উপর হামলার ছক! মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বাসভবনের সামনে সন্দেহভাজন এক সশস্ত্র যুবককে গুলি করল নিরাপত্তাবাহিনী। স্থানীয় সময় অনুযায়ী শনিবার মধ্যরাতে এই ঘটনা ঘটে। এরপর রবিবার হোয়াইট হাউসের তরফে এই তথ্য প্রকাশ্যে আনা হয়েছে।জানা গিয়েছে, সিক্রেট সার্ভিসের এজেন্টরা হোয়াইট হাউসের উলটোদিকের একটি ব্লকে সন্দেহভাজন যুবককে গাড়ি পার্ক করার সময় দেখতে পান। সন্দেহভাজন ওই যুবককে জিজ্ঞাসাবাদ করতে গেলে তখনই ঘটে এই ঘটনা। সিক্রেট সার্ভিসের তরফে জানানো হয়েছে, কেন ওই যুবক হোয়াইট হাউসে এসেছিলেন তা তদন্ত করে দেখছে মেট্রোপলিটন পুলিশ বিভাগ। অভিযুক্ত ব্যক্তি ডোনাল্ড ট্রাম্পের উপর হামলার চেষ্টা করছিলেন কিনা সেটাও খতিয়ে দেখা হচ্ছে। যদিও ঘটনার সময় প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হোয়াইট হাউসে উপস্থিত ছিলেন না একটি শুটিং উপলক্ষে বর্তমানে ফ্লোরিডাতে রয়েছেন তিনি।

জানা যাচ্ছে, এই ঘটনার সময় উপস্থিত ছিলেন না ডোনাল্ড ট্রাম্প।

মার্কিন সিক্রেট সার্ভিস এজেন্টের তরফে জানানো হয়েছে, অভিযুক্ত ওই ব্যক্তি হোয়াইট হাউসের অত্যন্ত কাছে চলে এসেছিলেন। নিরাপত্তারক্ষীরা তাঁকে আটকাতে পালটা বন্দুক তাক করেন যুবক। সন্দেহভাজনকে লক্ষ্য করে তৎক্ষণাৎ গুলি চালানো হয়। তদন্তকারীদের তরফে জানা গিয়েছে, অভিযুক্ত যুবক আমেরিকার ইন্ডিয়ানার বাসিন্দা। সেখান থেকে ওয়াশিংটন ডিসিতে এসেছিলেন তিনি। নিরাপত্তাবাহিনীর গুলিতে গুরুতর জখম অবস্থায় বর্তমানে তিনি চিকিৎসাধীন বলে জানা যাচ্ছে।

# মুরলিধরনকে বিনামূল্যে জমি প্রদান জম্মু-কাশ্মীর সরকারের; বিধানসভায় হট্টগোল



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

শ্রীলংকার সাবেক ক্রিকেটারকে বিনামূল্যে জমি দিয়ে বিতর্কের কেন্দ্রবিন্দুতে ভারতের জম্মু-কাশ্মীর সরকার। বিশ্ববিখ্যাত ক্রিকেটার মুথাইয়া মুরলিধরনকে তার বেভারেজ কোম্পানির জন্য 'বটলিং প্লান্ট' নির্মাণের জন্য জম্মু-কাশ্মীরের কাঠুয়া জেলায় বিনামূল্যে জমি দেওয়া হয়েছিল বলে অভিযোগ। এই ঘটনা সামনে আসতেই সরকারকে নিশানা করেছে বিরোধীদলগুলি। যদিও মুখ্যমন্ত্রী ও'ন্যাশনাল কনফারেন্স' নেতা ওমর আব্দুল্লাহর সরকার জানিয়েছেন তাদের কাছে এ সম্পর্কিত কোন খবর নেই।

জানা গেছে, ২০২৪ সালে শ্রীলংকার সাবেক স্পিনার মুরলিধরনের 'সিলন বেভারেজ ক্যান প্রাইভেট লিমিটেড' নামক ওই সংস্থার ১৬০০ কোটি রুপি বিনিয়োগে বটল ফিলিং এবং অ্যালুমিনিয়াম ক্যান উৎপাদনের জন্য কাঠুয়ার ভাগথালি শিল্পতালুকে প্রায় ২৫.৭৫ একর জমি দেওয়া হয়েছিল।

শনিবার জম্মু-কাশ্মীরের বাজেট অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে এই বিষয়টি উত্থাপন করে উদ্বেগ প্রকাশ করেন কংগ্রেস এবং সিপিআইএমের বিধায়করা।

সিপিআইএম বিধায়ক মোহাম্মদ ইউসুফ তারিগামী বিনামূল্যে জমি প্রদানের বিষয়টি উত্থাপন করেন এবং সরকারের কাছ থেকে বিবৃতি দাবি করেন। তার বক্তব্য প্রভাবশালী হোক বা সাধারণ ব্যবসায়ী- সকলের জন্যই এক নিয়ম হওয়া উচিত।

কংগ্রেস বিধায়ক জি এ মীরের বক্তব্য বিষয়টি অত্যন্ত গুরুতর। তার প্রশ্ন, একটি অ-ভারতীয় সংস্থাকে কিভাবে বিনামূল্যে জমি পাইয়ে দেওয়া হলো এই বিষয়টি তদন্ত করে দেখা উচিত।

প্রশ্নের জবাবে রাজ্যের কৃষিজাত পণ্য উৎপাদন দপ্তরের মন্ত্রী জাভেদ আহমেদ দার জানিয়েছেন, এই বিষয়টি রাজস্ব দপ্তরের অধীনস্থ। এ ব্যাপারে আমাদের কাছে কোন তথ্য নেই। তবে ঘটনার প্রকৃত কারণ খতিয়ে দেখা হবে।

# সিনেমার খবর

## কিয়ারা-সিদ্ধার্থ পরিবারে আসছে নতুন অতিথি



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বেশ কিছু দিন ধরেই লাইমলাইট থেকে খানিক দূরে ছিলেন বলিউড অভিনেত্রী কিয়ারা আদভানি। হাজির হননি নতুন ছবির প্রচারেও। অভিনেত্রীর এই সিদ্ধান্তে চারদিকে যখন নানা প্রশ্ন, ঠিক তখনই এল এর কারণ। শোনা যাচ্ছে, দুই থেকে তিন হচ্ছেন কিয়ারা ও সিদ্ধার্থ দম্পতি। অর্থাৎ, মা হতে চলেছেন কিয়ারা আদভানি।

শুক্রবার সামাজিক মাধ্যমে এমনই ইঙ্গিত দেন অভিনেত্রী। একজোড়া মোজার ছবি শেয়ার করে কিয়ারা লেখেন, 'আমাদের জীবনে সবচেয়ে মিষ্টি উপহার খুব তাড়াতাড়ি আসতে চলেছে।' আর পোস্টটির সঙ্গেই মন্তব্যঘর ভরে গেছে অনুরাগীদের শুভকামনায়। হবু বাবা-মার জন্য সকলেই পাঠিয়েছেন একরাশ ভালবাসা।

২০২৩ সালের ৭ ফেব্রুয়ারি বিয়ে করেন কিয়ারা ও সিদ্ধার্থ। জাকজমকপূর্ণ বিয়ে হয়েছিল তাদের। রাজস্থানের জয়সালমিরের প্রাসাদে বসেছিল তাদের বিয়ের আসর। হাজির ছিলেন বলিউডের নামজাদা তারকারাও।

কিয়ারার আগে আলিয়া ভাটের সঙ্গে সম্পর্কে ছিলেন সিদ্ধার্থ। সেই সম্পর্কে বিচ্ছেদের পর 'শেরশাহ' নামক এক ছবির অফার আসে তার কাছে। আর সেখানেই কিয়ারা ছিলেন বিপরীতে। শেরশাহের অভিনয় করতে গিয়েই কাছাকাছি আসেন দুজনে। তারপরের গল্পটা চেনা। বন্ধুত্ব, প্রেম, বিয়ে।

এবার সংসার বাড়তে চলেছে তাদের। নতুন অতিথির জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন তারা। হাতে রয়েছে শুটিংয়ের কাজও। রণবীরের সিংয়ের বিপরীতে ডন থ্রিয়ে দেখা যাবে কিয়ারাকে।

## তুচ্ছ কারণে সুনীল শেট্টির মাথায় বন্দুক ধরে মার্কিন পুলিশ

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

একদিকে বলিউডের ভাইজান সালমান খানকে একের পর এক প্রাণনাশের হুমকি লরেন্স বিষ্ণোই গ্যাংয়ের। সালমান তো প্রাণ বাঁচাতে কঠোর নিরাপত্তার মোড়কে নিজেকে মুড়ে নিয়েছেন। তবে জানেন কি, অনেক বছর আগে, মারাত্মক এক পরিস্থিতির সম্মুখীন হয়েছিলেন সুনীল শেট্টি। কপালে বন্দুক ঠেকিয়ে মেরে ফেলার হুমকি দেওয়া হয়েছিল অভিনেতাকে। তাও আবার সুদূর মার্কিন যুক্তরাষ্ট্রে।

ব্যাপারটা একটু খোলসা করে বলা যাক। সম্প্রতি সুনীল শেট্টি সাক্ষাৎকারে এক ভয়াবহ



অভিজ্ঞতার গল্প শোনান। যেখানে প্রায় মরতে বসেছিলেন সুনীল।

এই সাক্ষাৎকারে সুনীল বলেন, সালটা ২০০১। তখন আমরা আমেরিকায় কাটে সিনেমার শুটিং করছি। হঠাৎই সেই বীভৎস কাণ্ড। ৯/১১ এ চোখের সামনে দেখলাম টুইন টাওয়ারের সেই ভয়ংকর ঘটনা। সেই সময়ই একদিন আমি রাস্তা থেকে হোটেলে ঢুকছিলাম। হঠাৎ পকেটে হাত দিয়ে দেখি, রুমের চাবি নেই। হোটেলের এক কর্মচারীকে বললাম, আমি চাবিটা হারিয়ে ফেলেছি। তুমি কী সাহায্য করতে পারবে!

তিনি বলেন, ছেলেটি কিচ্ছু না বলে বাইরে ছুটে যায়। পুলিশ ডেকে আনে। পুলিশ আমার কোনও কথা না শুনেই আমার মাথায় বন্দুক ধরে। আর বলে, বসে পরো, না হলে গুলি চালিয়ে দেব! আমি কিছু না বুঝতে পেরেই মাটিতে বসে যাই। আমার এই অবস্থা দেখে অবশেষে, টিম আসে। আর পুলিশকে বোঝানো হয়। সত্যি সেই দিনটা খুব ভয় পেয়েছিলাম।

## 'বিধ্বংসী' সালমান খান!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউডের ভাইজান সালমান খান 'সিকান্দার'-এর প্রথম ঝলকেই দর্শকমহলে সাড়া ফেলেছিলেন। দ্বিতীয় ঝলকে যেন তিনি আরও বিধ্বংসী। বলিউডের ছবিতে লড়াইয়ের দৃশ্যে তার জুড়ি মেলা ভার। এই ছবিতেও সেই একই মেজাজে ভাইজান।

শত্রুদের সঙ্গে বোঝাপড়ায় জমি ছাড়তে নারাজ 'সঞ্জয়'। ছবিতে সালমান অভিনীত চরিত্রের নাম এটিই। কিন্তু তার ঠাকুমা নাকি তাকে ডাকতেন 'সিকান্দার' বলে। অসহায় মানুষদের হয়ে লড়াই করাই 'সিকান্দার'-এর উদ্দেশ্য।

তবে সেই উদ্দেশ্য সাধন করতে সে হিংসার পথ বেছে নেয় নিমেষে। তাই তার সংলাপ, 'বিচার চাইতে আসিনি। এসেছি হিসাব মেটাতে।'

এই ঝলকে দেখা যায় নায়িকা রাশমিকাকেও। সালমানের সঙ্গে তার রসায়ন দেখতে উদগ্রীব দর্শকও। প্রথম ঝলকেও সালমানের একটি সংলাপ নজর কেড়েছিল। তবে সেই সংলাপের সঙ্গে অনেকেই খুঁজে পেয়েছেন লরেন্স বিশ্নোইয়ের যোগ।

সালমানকে শেষ দেখা গিয়েছিল ২০২৩-এ 'টাইগার ৩' ছবিতে। তারপর থেকে বেশ কিছু ছবিতে ক্যামিয়ো চরিত্রে দেখা গিয়েছিল। তাই 'সিকান্দার' নিয়ে সালমান-ভক্তদের উত্তেজনা তুঙ্গে।

# নিউজিল্যান্ডকে হারিয়ে অপরাজিত চ্যাম্পিয়ন ভারত

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ধাক্কা, সামলে ওঠা, ফের ধাক্কা, আবারও সামলে ওঠা। চূড়ান্ত নাটকীয় ফাইনাল। অবশেষে জয়ের হাসি টিম ইন্ডিয়ার। ম্যাচের শুরু হোক বা ইনিংস বিরতি। কখনও মনে হয়নি এতটা নাটকীয় ফাইনাল হতে পারে। বরং কিছু কিছু ক্ষেত্রে মনে হয়েছে একপেশে ম্যাচ হবে। তবে প্রতি মুহূর্তেই ম্যাচের রং বদলেছে। ২৫ বছর আগে চ্যাম্পিয়ন্স ট্রফির ফাইনালে মুখোমুখি হয়েছিল ভারত-নিউজিল্যান্ড। সৌরভের তরুণ টিম ইন্ডিয়ার বিরুদ্ধে রান তাড়া করে অবিশ্বাস্য জয় ছিনিয়ে নিয়েছিল কিউয়িরা। সে সময় টুর্নামেন্টের নাম ছিল আইসিসি নকআউট ট্রফি। ২৫ বছর আগের বদলা নিল সৌরভেরই নিয়োগ করা ক্যাপ্টেন রোহিত শর্মার টিম। এই নিয়ে সৌরভ, ধোনির




পর চ্যাম্পিয়ন্স ট্রফি জয় রোহিতের।

টস জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয় নিউজিল্যান্ড। গ্রুপ লিগের প্রথম তিন ম্যাচে পিচ যেমন আচরণ করেছিল, সেমিফাইনালে তুলনামূলক ভালো পিচ ছিল। ফাইনালে তাই আকর্ষণ ছিল বাইশগজও। এই পিচ বোঝা কঠিন। তবে ক্রিজে পড়ে থাকলে রান করা সম্ভব, দু-দলের ব্যাটাররাই দেখিয়েছেন। স্পিনারদের অনবদ্য পারফরম্যান্স। ভারতের টার্গেট দাঁড়ায় ২৫২ রান। এরপরও কিন্তু চাপ ছিলই।

রান তাড়ায় ভারতের শুরুটা দুর্দান্ত। ফাইনালের আগের দিন টিমের আগেই প্র্যাক্টিসে চলে গিয়েছিলেন রোহিত ও শুভমন। ফাইনালে শুরুটা ভালো দিতে হবে, এই প্রত্যয় ছিল। সেটাই করে দেখালেন। ওপেনিং জুটিতেই ওঠে ১০৫ রান। এরপর মনে হয়েছিল এক তরফা ম্যাচ। তবে অল্প সময়ের ব্যবধানে শুভমন, বিরাট কোহলির উইকেট হারিয়ে ফের চাপে পড়ে ভারত। শ্রেয়স-রোহিত জুটি আবারও ম্যাচ নিয়ন্ত্রণে আনে। কিন্তু রোহিতের আউট আবারও চাপে ফেলে।

ভারতীয় দল এরকম চাপের মুহূর্ত থেকে এই টুর্নামেন্টে অনেক ম্যাচই বের করেছেন। এই ম্যাচেও সমস্যা হল না। অক্ষর প্যাটেল, লোকেশ রাহুল, হার্দিক পান্ডিয়া ছোট ছোট জুটি গড়েন। হার্দিক আউট হলে জাডেজা। ভারতের ব্যাটিং গভীরতা অনেক। শেষ অবধি রাহুলের সঙ্গে জাডেজার জুটিতে ম্যাচ ফিনিশ। বাউন্ডারিতে উইনিং রান জাডেজার ব্যাটে। এক ওভার বাকি থাকতেই ৪ উইকেটে জয় ভারতের।

## বুঝে শুনে কথা বলুন: গাভাস্কারকে ইনজামাম



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

২০১৭ সালের চ্যাম্পিয়নস ট্রফি জেতার পর পাকিস্তান দল কিছুই জেতেনি। সর্বশেষ তিনটি আইসিসি ইভেন্টে ফিরেছে প্রথম রাউন্ড থেকে। ধারাবাহিক এমন বাজে পারফরমেন্সের কারণে গত ফেব্রুয়ারিতে পাকিস্তানের কড়া সমালোচনা করেছিলেন ভারতের কিংবদন্তি সুনীল গাভাস্কার। চ্যাম্পিয়নস ট্রফির গ্রুপ পর্বে ভারতের কাছে পাকিস্তানের হারের পর গাভাস্কার বলেছিলেন, এই পাকিস্তান ভারতের 'বি' দলকেও হারাতে পারবে না।

গাভাস্কারের এমন তির্যক মন্তব্যে বেজায় চটেছেন পাকিস্তানের কিংবদন্তি ক্রিকেটার ইনজামাম-উল-হক। গাভাস্কারকে সতর্ক করে ইনজামামের হুঁশিয়ারি, 'বুঝেশুনে কথা বলুন'।

দুই দলের অতীত পরিসংখ্যানের দিকে তাকিয়ে গাভাস্কারকে মুখে লাগাম টানতে বলেছেন তিনি। পরিসংখ্যানে এগিয়ে পাকিস্তান। যেখানে দুই দলের মুখোমুখি ১৩৬ দেখায় ভারতের ৫৮ জয়ের বিপরীতে পাকিস্তানের জয় ৭৩ ম্যাচে। ইনজামাম সেটাই গাভাস্কারকে মনে করিয়ে দিয়েছেন।

এর আগে গাভাস্কার পাকিস্তান দল নিয়ে বলেছিলেন, 'আমি মনে করি (ভারতের) বি-টিমকে নিশ্চিতভাবেই হারানো কঠিন হবে এই দলটার পক্ষে। সি-টিমকে নিয়ে ততটা নিশ্চিত নই, তবে পাকিস্তানের বর্তমান ফর্মের দিকে তাকালে বি-টিমের সঙ্গে টক্কর দেওয়া সহজ হবে না তাদের।'

ইনজামাম বলেন, 'গাভাস্কারের পরিসংখ্যানের দিকে তাকানো উচিত। উনি সিনিয়র মানুষ। আমরা ওনাকে সম্মান করি। তবে অন্য কারও দেশ নিয়ে কথা বলতে গেলে, বুঝেশুনে বলাই উচিত। আপনার দল ভালো খেলেছে। নিজের দলের প্রশংসা করার অধিকার রয়েছে আপনার। তবে অন্য দলকে নিয়ে এ ধরনের মন্তব্য কি যথাযথ? নিজের শব্দচয়নে সতর্ক হোন। আমি একটু কঠোরভাবেই কথাগুলো বলছি।'

## গুজরাট টাইটান্সের সহকারী কোচ ম্যাথু ওয়েড

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) ১৮তম আসরের আগে সহকারী কোচ হিসেবে অস্ট্রেলিয়ার সাবেক উইকেটরক্ষক ম্যাথু ওয়েডকে নিযুক্ত করেছে গুজরাট টাইটান্স। ফেসবুকে এক স্ট্যাটাসে এমনটা নিশ্চিত করেছে ফ্র্যাঞ্চাইজিটি।

২০২২ সালে হার্দিক পান্ডিয়ার নেতৃত্বে গুজরাটের শিরোপাজয়ী দলের সদস্য ছিলেন ওয়েড। সেই আসরে দলটির হয়ে ঋদ্ধিমান সাহার সঙ্গে নিয়মিত ইনিংসের সূচনা করতেন তিনি।

আইপিএলের গত মৌসুমে, অর্থাৎ ২০২৪ সালে মাত্র তিনটি ম্যাচ খেলেছিলেন এই উইকেটরক্ষক, আর সব



মিলিয়ে ১৫টি। তার মধ্যে ১২টি খেলেছেন গুজরাটের হয়ে।

অস্ট্রেলিয়ার হয়ে ৩৬টি টেস্ট, ৯৭টি একদিনের আন্তর্জাতিক এবং ৯২টি টি-টোয়েন্টি ম্যাচ খেলার অভিজ্ঞতা রয়েছে ওয়েডের। আন্তর্জাতিক ক্রিকেটে তার রান ৪৬৮২। উইকেটরক্ষক হিসাবে তার ডিসমিসাল সংখ্যা ২৬৬।

আগামী ২২ মার্চ থেকে শুরু হবে এবারের আইপিএল। ২৫ মে ফাইনাল দিয়ে পর্দা নামবে টুর্নামেন্টের।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR